গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
www.hed.gov.bd

মুজিববর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারকনং- ৪৫.০২.০০০০.০১০.১১.০০৫.২৩- ৫৯৫

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৯ / ১৩ মার্চ ২০২৩

# "পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্য পদের বিপরীতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৪তম, ১৬তম ও ২০তম গ্রেডভুক্ত নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/hed বা http://hed.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল' ২০১৫ | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১. | হিসাব রক্ষক ১০২০০-২৪৬৮০/- (১৪ নং গ্রেড) | ৪(চার)টি | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। | ঢাকা, নারায়নগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, শরীয়তপুর, টাঙ্গাইল, জামালপুর, কিশোরগঞ্জ, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, দিনাজপুর, কুড়িগ্রাম, খুলনা, যশোর, মাগুরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরিশাল, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহকারী-কাম-কম্পিউটার-মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড) | ১১(এগার)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত এবং ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি টাইপিং এর সর্বনিম্ন গতি প্রতি মিনিট বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ হতে হবে। | |
| ৩. | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- (২০ নং গ্রেড) | ৫১(একান্ন)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষীপুর, রাঙ্গামাটি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী ঃ-**

(১) প্রার্থী/প্রার্থীগণকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(২) প্রার্থীদের বয়স ২৮/০৩/২০২৩ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে বীর-মুক্তিযোদ্ধা/শহীদ বীর-মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য হবে না।

(৩) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পত্র নং- ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখঃ ২২/০৯/২০২২ খ্রিঃ অনুযায়ী কোভিড-১৯ পরিস্থিতির কারণে প্রার্থীদের বয়স ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত সর্বোচ্চ বয়স সীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৫) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬) একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।

(৭) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৮) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত সহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

(৯) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১০) আবেদনপত্রে প্রার্থী কর্তৃক কোন রুপ অসত্য বিবরণ/তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্য বা ভূয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে, এমনকি আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকরি প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমানিত হলে তাঁকে চাকরি থেকে তাৎক্ষনিকভাবে বরখাস্ত করা এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে কর্তৃপক্ষ সকল ক্ষমতা সংরক্ষণ করবে।

(১১) শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১২) স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের গত ০২/১২/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০২.০০০০.০১০.১১.০০৫.২০-২৪২৬ নম্বর স্মারকের মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল চাকরিপ্রার্থী পূর্বে আবেদন করেছেন পুনরায় তাঁদের আবেদন করার প্রয়োজন নেই, তাঁরা নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

(১৩) নিয়োগ বিজ্ঞপ্তি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)'র ওয়েবসাইট (www.hed.gov.bd) এ দেখা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তির পদসমূহের বাছাই পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) আগামী এপ্রিল মাসের দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসমূহের সুনির্দিষ্ট তারিখ সময় ও নির্দেশনা যথাসময়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)'র ওয়েবসাইট (www.hed.gov.bd) এ প্রকাশ করা হবে।

(১৪) অনলাইনে আবেদনের নিয়মাবলীঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://hed.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৬/০৩/২০২৩ খ্রিঃ, সকাল-১০:০০ টা।

Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০/০৩/২০২৩ খ্রিঃ, বিকাল-০৫:০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন Print কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ক্রমিক ১-২এর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ৩ ক্রমিক নম্বরের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকাঅনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:HED<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: HED ABCDEF

Reply: Applicant's Name, Tk-...../-will be charged as application fee. your PIN is ১২৩৪৫৬৭৮. To pay fee Type HED<Space>Yes<Space>PIN and send to১৬২২২.

দ্বিতীয় SMS:HED<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: HED YES ১২৩৪৫৬৭৮

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for HED Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://hed.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে HED<space>Help<space>User<space>User ID & Send to ১৬২২২.
Example: HED Help User ABCDEF & send to ১৬২২২

(ii) PIN Number জানা থাকলে: HED<space>Help<space>PIN<space>PIN NO & Send to ১৬২২২.
Example: HED Help PIN ১২৩৪৫৬৭৮& send to ১৬২২২.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্বাস্থ্য প্রকৌশল বিভাগের ওয়েবসাইট www.hed.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/hed ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.hed.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইঅনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা hedhq@yahoo.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: HED, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৫। Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(এস, এম জাহাঙ্গীর হোসেন)
পরিচালক (উপসচিব)
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ফোন নম্বরঃ ০২ ২২৩৩৫৭৬৪৮